अट DCRB ...

1437
17.4.17

MARISHDA POLICE STATION PURBA MEDINIPUR

W.B.P. Fo...

# FIRST INFORMATION REPORT

9906

First Information of Cognizable crime reported under section 154 Cr. P. C. At P.S.

1. Dist. Purba MDP Sub-Divn. Contai P.S. Marishda Year 2017 FIR No. 41 Date 16-04-17
2. i) Act IPC Section 420/34 ii) Act ........ Section ........
   iii) Act ........ Section ........ iv) Other Act & Sections ........
3. a) General Diary Reference : Entry No. 688 Time At 18.15 hrs.
   b) Occurrence of Offence : Day Sunday. Date 12-02-17 Time At about 16:00 hrs
   c) Information received Date 16-04-17 Time At 18.15 hrs.
   G.D. No. 688 at the Police Station :
4. Type of Information. Written / ~~Oral~~ written
5. Place of Occurrence a) Direction and Distance from P.S. Nachinda 4 K.M. North
   b) Address village - Nachinda, J.L. No 411, G.P. No IV (Kanaidighi G.P.), Block - Contai-III P.S. - Marishda Dist - Purba Medinipur.
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. ........
   District ........
6. Complaint / Informant :
   a) Name Sri Uttam Jana
   b) Father's ~~Husband~~'s Name S/o Sri Binay Krishna Jana
   c) Date / Year of Birth ........
   d) Nationality Indian
   e) Address village + P.O. - Nachinda P.S. - Marishda Dist - Purba Medinipur
7. Details Known / Suspected / Unknown / Accused with full particulars (1) Santanu Kr Mondal S/o Sri Pradip Mondal of Hodabari P.S. Contai Dist Purba Medinipur (2) Sk Alangir S/o Not known mobile No - 9735355355. (3) Priyanka Pashi D/o Ramray Pashi of Sattitala Road, India Files, Kamarhati (M) Kolkata - 58 North 24 Parganas mobile No 7603043254 (4) Kapil Babu, Damdam mobile No 9831095959.
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by the Complainant/Informant ........
9. Particular of properties stolen / Involved : (Attach separate sheet, if required) ........
10. Total value of Properties stolen / involved Rs 10,09705/- approx.
11. Inquest report / U.D. : Case No. If any : -
12. FIR Contents : (Attach separate sheets, if required) :

    The original written Complaint of the Complt. which treated as F.I.R. is attached here with

13. Action taken : Since the above report reveals commission offence(s) u/s: 420/34 IPC.

I register the case and took up the investigation/~~directed~~ (myself S.I. C.K. Sasmal, O/C Marishda PS) ........ to take up the investigation transferred to P.S. ........ on point of jurisdiction FIR read over to the Complaint / Informat admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

উত্তম জানা

Signature / Thumb Impression of the Complainant/Informant

(signature)

Signature of the Office-in-charge, Police Station with
Name CHANDRAKANTA SASMAL
Rank S.I. of Police O/C Marishda P.S.
Number, if any 16-04-16
Officer-in-Charge
MARISHDA P. S.
Dist.- Purba Medinipur
(W.B.)

To,

The officer In Charge of Marishda Police station .
Marishda :: Purba Medinipur

MARISHDA POLICE STATION
সত্যমেব জয়তে
PURBA MEDINIPUR

মহাশয় ,

আমি শ্রী উত্তম জানা , পিতা - শ্রী বিনয়কৃষ্ণ জানা , গ্রাম + পোঃ - নাচিন্দা , জেলা - পূর্ব মেদিনীপুরের স্থায়ী অধিবাসী হইতেছি । পিন কোড্ নাম্বার - ৭২১৪৪৪ ।

আমার বিনীত আবেদন এই যে আমি সহ নিম্ন লিখিত মৎস্য চাষী গন মৎস্য চাষ করিয়া জীবিকা নির্বাহ করি । এছাড়া আমাদের বেঁচে থাকিবার ভিন্ন উপায় নাই । আমরা অল্প শিক্ষিত ব্যাক্তি হওয়ায় বড়লোক , চতুর মানুষের চালাকি বুঝিবার আধার না থাকায় আমাদের উৎপাদিত মাছ সরল বিশ্বাসে বিভিন্ন কোম্পানীর মানুষ জনকে দিয়ে থাকি । ২০১৬ সালে জুলাই মাস থেকে আমরা দেখি প্রয়শই নাচিন্দা বাজার হইতে একগাড়ি /দুইগাড়ি মাছ অন্ধ্রপ্রদেশে যাচ্ছে । অনান্য চাষীদের মাধ্যমে শুনি যে , এই মাছ কোন একজন ব্যাক্তি শান্তনু কুমার মন্ডলের মাধ্যমে অন্ধ্রপ্রদেশের কোম্পানীতে সরবরাহ হয়ে থাকে । এবং আরো খবর পাই যে শান্তনু কুমার মন্ডল নিম্নলিখিত কোনপানীর মালিক হইতেছে ।বিভিন্ন জায়গা থেকে মাছ কিনে অন্ধ্রপ্রদেশে ভালোদামে বিক্রি করে । বলা বাহুল্য আমরা আরো জানতে পারি যে নাচিন্দা বাজারে মৎস্য ব্যবসায়ী অরুন দাস এর মাধ্যমে উক্ত শান্তনু বাবু মাছ কিনতেছেন এবং উক্ত শান্তনু বাবুর বাড়ি কাঁথি থানার অন্তর্গত হাতাবাড়ি নামক স্থানে । সেই কারনে আমাদের উনার প্রতি বিশ্বাস জন্মায় । তৎপরে আমরা অরুন দাসের সহিত যোগাযোগ করিয়া উক্ত কোম্পানিতে মাছ পাঠাতে শুরু করি । এবং আমরা পরপর কয়েক গাড়ি মাছ পাঠাই । অরুন দাসের মাধ্যমে আমরা পেমেন্ট পাই । তৎপরে গত ইং ২০১৬ সালের ডিসেম্বর মাস থেকে উক্ত শান্তনু বাবু অরুন বাবু কে কোন পেমেন্ট পাঠায় নাই পরবর্তি কালে অরুন দাসর নিকট জানতে পারি যে , উক্ত শান্তনু বাবু পর পর তিন খানি চেক প্রদান করেছেন যাহাতে আমরা টাকা পাইবার আশায় থাকি । এবং কিছুদিন পরে উক্ত অরুন দাস ব্যাঙ্কে চেক প্রদান করিয়া টাকা আনতে গেলে একাউন্টে টাকা না থাকায় ব্যাঙ্ক কতৃপক্ষ চেক গুলিকে বাউন্স করিয়া দেয় । তৎপরে অরুন দাসের সহিত আমরা উক্ত কোম্পানির কসবাস্থিত অফিসে যাই । ওখানে - ১) শান্তনু কুমার মন্ডল ,২) শেখ আলঙ্গির , ৩) প্রিয়াঙ্কা পাশি , ৪) কপিল বাবু এর সহিত অরুন বাবুর মাধ্যমে পরিচয় হয় । উনারা সকলে কোম্পানির পাটনার বলে পরিচয় দেন । এবং সকলে আশ্বাস দেন যে বিদেশের চিংড়ী মাছের বাজার মন্দা থাকায় অন্ধ্রপ্রদেশের কোম্পানি গুলো টাকা দিতে পারছেনা এবং আর ও বলেন যে , কিছু দিনের মধ্যে অরুন দাসের মাধ্যমে আপনাদের সমুহ টাকা আপনারা পেয়ে যাবেন । আমরা মানসিক ভাবে শান্তি পেয়ে বাড়ি চলে আসি । তৎপরে আমরা অরুন বাবু কে বারে বারে জিজ্ঞাসা করি উত্তরে অরুন বাবু বলেন নিম্ন বর্নিত কোম্পানি পাটনারগন কোন টাকা দেয়নাই । গত ইং ৩১/০১/২০১৭ তারিখ অরুন বাবু শান্তনু বাবুর নিকট টাকা আনতে যায় , শান্তনু বাবু কোম্পানির প্যাডে লিখিত প্রতিশ্রুতি দেন যে দশ দিনের মধ্যে সমুহ টাকা প্রদান করিবেন । তৎপরে গত ইং ১২/০২/২০১৭ তারিখ অনুমান বিকাল ৪টা নাগাদ নিম্ন তপশীল ব্যাক্তি গন অরুন বাবুর নাচিন্দার অফিসে আসেন । আমরা অরুন বাবুর মাধ্যমে খবর পাইয়া অরুন বাবুর অফিসে আসিয়া উক্ত লোকজনদের সহিত টাকা পাওয়ার ব্যাপারে কথাবার্তা বলা কালীন সময়ে উহারা আমাদের সহিত অমানবিক ব্যবহার সহ অশ্লীল কথাবার্তা বলিতে থাকে । আমরা উত্তেজিত হইয়া উহাদের কে কিছু বলার আগে বলে যে আমরা দু - দশ দিনের মধ্যে আপনাদের টাকা পরিশোধ করিয়া দিব । আমারা উনাদের সহিত ভালোব্যাবহার করিয়া টাকা পাইবার আশায় বাড়ি ফিরিরা আসি । দশ দিন কেটে যাবার পর আমরা সহ অরুন বাবু কোম্পানির লোকজনদের সহিত টেলিফোন মারফত

Received on 16.04.17 at 18.15 hrs and started Marishda P.S. case no 41/17 dt 16.04.17 u/s 420/34 IPC and S.I. C.K. Barman O/C Marishda P.S. took up its investigation

Officer-in-Charge
MARISHDA P.S.
Dist.- Purba Medinipur
(W.B.)

যোগাযোগ করিবার চেষ্টা করিলে ফোন বন্ধ থাকে । এযাবৎ ফোন গুলি বন্ধ রহিয়েছে । অরুন বাবু গত ইং ২১/০৩/২০১৭ তারিখ কোম্পানির কসবা অফিসে টাকার জন্য গিয়ে দেখে যে অফিসে তালা বন্ধ । তখন অরুন বাবু কসবা থানায় নিম্ন লিখিত ১নং ও ২নং ব্যাক্তির নামে অভিযোগ দায়ের করেন । যাহার এফ .আই. আর নম্বর ১৩৭/১৭ তারিখ ২১/০৩/২০১৭ U/S ৪০৯ /৪১৯/৪২০/১২০ বি আইপি. সি হইতেছে । তপশীল ১নং ও ২নং ব্যাক্তি ধৃত হইয়া আলিপুর জেল হাজতে রহিয়াছে ।

অতএব মহাশয় নিম্নলিখিত ব্যাক্তিগন আমাদের সহিত প্রতারনা করিয়াছে । এবং উক্ত টাকা না দিবার জন্যে অফিস বন্ধ করিয়া গা - ঢাকা দিয়াছে । প্রার্থনা যে উপেরোক্ত বিষয় টি তদন্ত পূর্বক দোষীদের বিরুদ্ধে আইন গত ব্যবস্থা গ্রহন করিয়া আমাদের পাওনা টাকা উদ্ধার ও দৃষ্টান্ত মূলক শাস্তি দানের সুবিচার করিতে আজ্ঞা হয় ।

তাং - ১৬/০৪/২০১৭

তপশীল দোষী ব্যাক্তি গনের নাম :-

১) শান্তনু কুমার মন্ডল
পিতা - শ্রী প্রদীপ মন্ডল ,
সাং - হাতাবাড়ি , থানা - কাঁথি
জেলা - পূর্ব মেদিনীপুর ।

২) শেখ আলঙ্গীর
পিতা - অজ্ঞাত
মোঃ - ৯৭৩৫৩৫৫৩৫৫

৩) প্রিয়াঙ্কা পাশি
পিতা - রামরাজ পাশি
ষষ্ঠীতলা রোড্ , ইন্ডিয়া ফাইলস্ , কামারহাটি (এম) ,
কলিকাতা - ৫৮ , উত্তর ২৪ পরগনা ।
মোঃ - ৭৬০৩০৪৩২৫৪

৪) কপিল বাবু
দমদম , মোঃ - ৯৮৩১০৯৫৯৫৯

বিনীত -
উত্তম জানা
১৬/০৪/১৭
উত্তম কুমার জানা
মোঃ - ৮১৪৫২০৭৫৭১

দোষী কোম্পানির নাম -মানি রিফিন্ট সহ অঙ্গীকার পত্র এর অনুলিপি আবেদন পত্রের সহিত সংযুক্ত করিলাম ।

তপশীল চাষীদের নাম ও পাওনা টাকার পরিমান :-

১) উত্তম জানা ২,১২,৯২১ .০০টাকা ।
২) চন্দন শাসমল ২,২১,৮৩১ .০০ টাকা ।
৩) শ্রী হরি কামিলা ৮৪ ,৫৮২ .০০ টাকা ।
৪) গৌরী রানী দাস ২,১২,৯২১ .০০ টাকা ।
৫) নির্মল মাইতি ১, ১২,৬২৮ .০০ টাকা ।
৬) অভি মাইতি ১,৬৪,৮২২.০০ টাকা ।